গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নথি নং-৩৯.০০.০০০০.০২৪.০৫.০০১.১৬.১০ তারিখ ১৭ মাঘ ১৪২৩ / ৩০ জানুয়ারি ২০১৭

বিষয়: ইনোভেশন টিমসমূহের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত

সূত্র নং – ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.০৪ তারিখ: ০৩ জানুয়ারি ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক অনুযায়ী বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে সদয় পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ক. বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ (পাঁচ পাতা)
খ. ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন (সাত পাতা)

৩০/০১/১৭
(মাহমুদুল হাসান)
সহকারী প্রোগ্রামার
ফোনঃ ৯৫৪৯৫৫৮
ই-মেইলঃ assprog@most.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব,
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা

নথি নং-৩৯.০০.০০০০.০২৪.০৫.০০১.১৬.১০ তারিখ ১৭ মাঘ ১৪২৩ / ৩০ জানুয়ারি ২০১৭

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। অতিরিক্ত সচিব (বি.প্র.)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। নথি/গার্ড ফাইল

৩০/০১/১৭
(মাহমুদুল হাসান)
সহকারী প্রোগ্রামার

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আবদুল মাননানের সভাপতিত্বে এবং আওতাধীন সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়। কর্মপরিকল্পনা নিম্নরূপ:

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

১. **সভা**: ইনোভেশন টিম প্রতি মাসে একটি করে সভা করবে।

২. **অধীনস্থ সংস্থায় ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন:** এই মন্ত্রণালয়ের অধীন কমপক্ষে দু'টি সংস্থায় ই-ফাইলিং বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ঐ দু'টি সংস্থায় ভার্চুয়াল অফিস প্রস্তুত করা হবে।

৩. **সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ**: সাইবার সিকিউরিটির উপর মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে।

৪. **ই-সেবায় রূপান্তর প্রক্রিয়া**: সংস্থাসমূহের বিদ্যমান সেবা প্রক্রিয়াসমূহকে ই-সেবায় রূপান্তর করা হবে।

৫. **প্রশিক্ষণ**: কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে ইউনিকোডের ব্যবহার উৎসাহিত করা হবে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া অফিসে প্রযোজ্য ক্ষেত্রে ইলেক্ট্রনিক মিডিয়া ব্যবহারের জন্য উৎসাহ প্রদানসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। আইসিটিসহ নতুন নতুন প্রযুক্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

৬. **ওয়েবসাইট তথ্যবহুল, আকর্ষণীয় এবং হালনাগদকরণ**: ওয়েবসাইট তথ্যবহুল ও আকর্ষণীয় করা হবে এবং প্রতি কর্ম দিবসে হালনাগাদ করা হবে।

৭. **মেলা/সেমিনার**: রাষ্ট্রীয়ভাবে গৃহীত ডিজিটাল অথবা আইসিটি সংক্রান্ত বিভিন্ন মেলা/সেমিনারে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অংশগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

৮. **ভিডিও কনফারেন্স**: সময় অপচয় কমাতে ক্ষেত্র বিশেষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা-সেমিনার আয়োজন করা হবে।

৯. **বাংলাদেশ সমুদ গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইট প্রস্তুতকরণ**: বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের নতুন ওয়েবসাইট প্রস্তুতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

## বর্তমান সরকারের সময়ে ২০১৬ সালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থার ইনোভেশন টিম কর্তৃক অর্জিত সাফল্যের প্রতিবেদন


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মাদ আবদুল মাননানের সভাপতিত্বে এবং অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত করা হয়। বার্ষিক প্রতিবেদন নিম্নরূপ:


**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

**১। ইনোভেশন টিমের সভা:** ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে এবং অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

**২। কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা:** কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির জন্য এ মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**৩। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ তে অংশগ্রহণ:** ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত গত ১৯ অক্টোবর ২০১৬ থেকে ২১ অক্টোবর ২০১৬ ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬-তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় অংশগ্রহণ করে এবং উক্ত মেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম আগত দর্শনার্থীগণের সন্মুখে উপস্থাপন করা হয়।






**৪। নতুন ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে মন্ত্রণালয়ের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং কাগজের ব্যবহার কমে গেছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় প্রথম থেকেই ই-ফাইলিং সিস্টেম ব্যবহার করে আসছে এবং গত ১৭ জুলাই ২০১৬ তারিখ থেকে এটুআই প্রোগ্রাম প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত নতুন ই-ফাইলিং সিস্টেম ব্যবহার শুরু করছে।

**৫। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়সহ অধীনস্থ সংস্থাসমূহ নতুন ওয়েব পোর্টালে অন্তর্ভুক্তিকরণ:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনেক পূর্বেই জাতীয় তথ্য বাতায়নের অধীন নতুন ওয়েব পোর্টাল উদ্বোধন করা হয়। পরবর্তী সময়ে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সকল অধীন সংস্থাসমূহকে ন্যাশনাল ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়।

**৬। ই-জিপি বাস্তবায়নঃ** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ইলেকট্রনিক প্রকিউরমেন্ট বাস্তবায়ন করেছে। এখন সকল কেনা-কাটার টেন্ডার সিপিটিইউ কর্তৃক প্রদত্ত ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

**৭। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নেটওয়ার্ক সংস্কারকরণ:** মন্ত্রণালয়ের পুরনো নেটওয়ার্কের LAN ও Wi-Fi সংস্কার করায় মন্ত্রণালয়ে দাপ্তরিক কার্যাবলী সহজে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

**৮। সেবামুখী কার্যক্রম:** অত্র মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের ফলে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিভিন্ন আদেশ, বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি কর্মকর্তা, গবেষক, ছাত্র-ছাত্রী এবং গবেষণামূলক প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে বিষয়টি জানতে পারছেন।

**৯। মাল্টিমিডিয়ার ব্যবহার:** মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্পসমূহের মিটিং, দ্বিপাক্ষিক চুক্তি, প্রশিক্ষণ সহজে উপস্থাপন করার জন্য মাল্টিমিডিয়ার ব্যবহার প্রবর্তন করা হয়েছে।

**১০। Online Application System on National Science and Technology Fellowship সফটওয়্যারটিতে এডমিন প্যানেল সংযোজন:** Online Application System on National Science and Technology Fellowship সফটওয়্যারটিতে এডমিন প্যানেলে সংশ্লিষ্ট শাখার দু'জন ব্যবহারকারীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে সংশ্লিষ্ট শাখা এখন রিপোর্ট অনলাইনেই প্রস্তুত করতে সক্ষম এবং সময়ের সাশ্রয় হয়।

**১১। ইন্টারনেটের ব্যান্ডউইথ বৃদ্ধিঃ** মন্ত্রণালয়ের ইন্টারনেটের ব্যবহার ১০ এমবিপিএস থেকে ২৮ এমবিপিএস-এ বৃদ্ধি করা হয়েছে।

**১২। ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শের লিংক স্থাপন:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভিযোগ ও পরামর্শের লিংক স্থাপন করা হয়েছে। এতে সহজেই যে কেউ অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারবেন।